



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

[www.dgfood.gov.bd](http://www.dgfood.gov.bd)

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৮.১৭.২১৩(২)

তারিখ: ১২ বৈশাখ ১৪২৬

২৫ এপ্রিল ২০১৯

বিষয়: **রেল পথে ১৩৫০ মে.টন গমের চলাচল সূচি।**

সূত্র: ১। চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগের ১৬/০৮/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৮.১৭-১৯২(৩) নং স্মারকে।

২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা এর ২৩/০৮/২০১৯ খ্রি. তারিখের ১৩.০৫.০০০০.০০৮.৫০.০০১.১৮-১০১৩ নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাশিয়া থেকে আগত M.V AP SVETI VLAHO জাহাজের গম খালাসের লক্ষ্যে খুলনা ও রাজশাহী বিভাগের বিভিন্ন এলএসডি, সিএসডি এবং সাইলোতে সূত্রস্থ ১নং স্মারকে গমের চলাচল সূচি জারি করা হয়। মোংলা বন্দরে আমদানীকৃত সরকারি খাদ্যশস্য ৪নং ঘাট খুলনার মাধ্যমে দেশের অভ্যন্তরে বিভিন্ন কেন্দ্রে রেল পথে প্রেরণ করা এবং উক্ত বৎসরের বাণিজ্যিক বিভিন্ন কেন্দ্র হতে সংগৃহীত খাদ্যশস্য সরাসরি রেল পথে ৪নং ঘাটে আনায়ন করে পরবর্তীতে উক্ত ঘাট হতে নৌপথে বরিশাল বিভাগ ও খুলনা বিভাগের কিছু কিছু কেন্দ্রে প্রেরণ করা সহজ ও সাধ্যযী হিসেবে প্রতীয়মান হয়। মর্মে সূত্রস্থ ২নং স্মারকে সূচি জারির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা কর্তৃক অনুরোধ করা হয়। তৎপ্রেক্ষিতে সাধ্যযী রুট বিবেচনায় খুলনা সিএসডি'র অনুকূলে সূত্রস্থ ১নং স্মারকে জারীকৃত ৫০০০ মে.টন গম হতে পরীক্ষামূলকভাবে ৪নং ঘাটের মাধ্যমে নীলফামারী জেলার সৈয়দপুর এলএসডিতে ১৩৫০ মে.টন গমের সমন্বয় সূচি জারি নির্দেশক্রমে প্রদান করা হলো।

**রেল পথে গমের চলাচল সূচি:**

ক্র. নং	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র		পরিমাণ (মে.টন)	পথ্য	মাধ্যম	ঠিকাদারি প্রতিষ্ঠানের নাম	মন্তব্য
১.	৪নং ঘাট, খুলনা	নীলফামারী	সৈয়দপুর	এলএসডি	১৩৫০	গম	রেল	মেসার্স সিলভী ট্রেডার্স	খুলনা সিএসডি'র ৫০০০ মে.টন গমের সূচি হতে সমন্বয় করা হলো।
				মোট =	১৩৫০				

**পরিবহণের ক্ষেত্রে পালনীয় নির্দেশনাবলি:**

- ১। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা প্রেরক হিসাবে কার্য সম্পাদন করবেন;
- ২। আখানি/চসনি/জেখানি প্রযোজ্য ক্ষেত্রে সূচির এলএসডি/সিএসডি'র ক্রমানুযায়ী উপ-সূচি জারি করবেন এবং অত্র দপ্তরে উক্ত উপ-সূচির কপি/অনুলিপি প্রেরণ করবেন;
- ৩। প্রেরক ও প্রাপক কেন্দ্রের সংশ্লিষ্ট সাইলো অধীক্ষক/জেলা খাদ্য নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (প্রযোজ্য ক্ষেত্রে) গম পরিবহণ, বোরাই ও খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম/সমস্যা উক্তব হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং তরিত নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে অবহিত করবেন;
- ৪। কীট আক্রান্ত কোন খাদ্যশস্য প্রেরণ করা যাবে না;
- ৫। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে

ফেরত পাঠাতে হবে এবং এ বিষয়ে আখানি, জেখানি, সাইলো অধীক্ষক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য যে, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথথাতে প্রদর্শন করা যাবে না;

৬। ভি-ইনভয়েসে গমে গুণগতমান ও ধরণ সম্পর্কে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে;

৭। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক ফ্যাক্স/ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে;


৮। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুরো নিবেন এবং সূচি ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতিস্বাক্ষরিত) ফ্যাক্সযোগে অধিদপ্তরে প্রেরণ করবেন;

৯। এ সূচি আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্থ জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএন্ডএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন;

১০। সূচির মেয়াদ আগামী ৩০/০৮/২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে;

১১। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহনে ব্যর্থ হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণসহ জরুরি বিবেচনায় পরবর্তীতে নতুন সূচি কিংবা সরকারি স্বার্থে আগ্রহী ঠিকাদারদের অনুকূলে উপ-সূচি জারি করা যেতে পারে।

এতে মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদন আছে।



২৫-৮-২০১৯

মোঃ সেলিমুল আজম

উপ-পরিচালক

ফোন: +৮৮-০২-৯৫৫১৪২৮

বিতরণ :


- ১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা বিভাগ
- ২) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (খাদ্য), খুলনা।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৮.১৭.২১৩(২)/১(৮)

তারিখ: ১২ বৈশাখ ১৪২৬  
২৫ এপ্রিল ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর। (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৬) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর বিভাগ
- ৭) জেলা খাদ্য নিয়ন্ত্রক, খুলনা।
- ৮) জেলা খাদ্য নিয়ন্ত্রক, নীলফামারী, রংপুর।



২৫-৮-২০১৯

মোঃ সেলিমুল আজম

উপ-পরিচালক